গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৫০ ৫০

কট ৯৫৩৪৮৯৮

পারস্পরিক সমঝোতা চুক্তি

১ম পক্ষ: জনাব প্রকৌশলী মোঃ বজলুর রহমান, অধ্যক্ষ(অতিরিক্ত দায়িত্ব), ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঠাকুরগাঁও।

২য় পক্ষ: জনাব মোঃ মাহাবুর রহমান, পরিচালক, বিসিই কম্পিউটার, বীরগঞ্জ, দিনাজপুর।

ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের পক্ষে জনাব প্রকৌশলী মোঃ বজলুর রহমান, অধ্যক্ষ(অতিরিক্ত দায়িত্ব) এবং পরিচালক, বিসিই কম্পিউটার, বীরগঞ্জ, দিনাজপুর - এর পক্ষে জনাব মোঃ মাহাবুর রহমান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কোর্স কারিকুলাম অন্তর্ভুক্ত শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ, শিক্ষা সফর, সেমিনার/ওয়ার্কশপ, গেষ্ট লেকচারার, জব প্লেসমেন্ট জাতীয় কাজে সহায়তার জন্য এতদ্বারা দ্বি-পক্ষিয় সমঝোতা চুক্তি স্বাক্ষর করা হলো।

উদ্দেশ্য: ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষার্থীদের বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কোর্স কারিকুলাম অন্তর্ভুক্ত শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ, শিক্ষা সফর, সেমিনার/ওয়ার্কশপ, গেষ্ট লেকচারার, জব প্লেসমেন্ট জাতীয় কাজে সহায়তা প্রদান করে বাস্তব জীবনে কারিগরি জ্ঞান যথাযথ প্রয়োগের দ্বারা দেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটের উন্নয়ন ঘটানো।

চুক্তি নামার ক্ষেত্র:

১. ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রশাসনের পক্ষে অধ্যক্ষ/সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধান এবং পরিচালক, বিসিই কম্পিউটার, বীরগঞ্জ, দিনাজপুর এর পক্ষে জনাব মোঃ মাহাবুর রহমান/তাহার মনোনীত ব্যক্তির সাথে আলোচনা করে কর্মকাণ্ড নির্ধারিত করবেন।

২. ঠাকুরগাঁও টেকনিকাল স্কুল ও কলেজের প্রশাসনের পক্ষে আহব্বান/অনুরোধের প্রেক্ষিতে পরিচালক, বিসিই কম্পিউটার, বীরগঞ্জ, দিনাজপুর এর পক্ষে জনাব মোঃ মাহাবুর রহমান এর নিজস্ব ভেন্যু অথবা ইনস্টিটিউটে উভয় প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিতে/নিতে পারবে।

৩. প্রশিক্ষণের সময়সীমা নির্ধারণের ক্ষেত্রে অবশ্যই বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের বর্ষপঞ্জির নির্ধারিত সময় অনুসরণ করতে হবে, এক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের মাধ্যমে যদি প্রশিক্ষণের সময়কাল পরিবর্তন হয়, তবে তা উভয় পক্ষ অনুসরণ করবে।

৪. প্রশিক্ষণের বিষয়সমূহ অবশ্যই নির্দিষ্ট টেকনোলজির কারিকুলাম অন্তর্ভুক্ত হতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ২৫ ৳ ২৫

পঁচিশ টাকা

খ ৯৬৮৮৮২১

৫. প্রশিক্ষনকালিন শিক্ষার্থীরা ইনস্টিটিউট এবং ইন্ডাষ্ট্রি উভয় প্রতিষ্ঠানের নিজস্ব নিয়ম-শৃঙ্খলার মধ্যে থাকবে। এক্ষেত্রে প্রশিক্ষনার্থীদের সংখ্যানুযায়ী কাঁচামাল এবং প্রশিক্ষণের সম্মানী ব্যয় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত হারে সরকারি অর্থ প্রাপ্তি সাপেক্ষে মেটানো হবে।

৬. শিল্প প্রতিষ্ঠান প্রশিক্ষণ অংশগ্রহণকারীদের সার্টিফিকেট প্রদানের ব্যবস্থা করবে।

৭. প্রশিক্ষিত শিক্ষার্থীরা সমাজ জীবনে প্রতিষ্ঠা লাভের ক্ষেত্রে ইনস্টিটিউট এবং ইন্ডাষ্ট্রি উভয় প্রতিষ্ঠান পারস্পরিক সহযোগীতা প্রদান করবে।

৮. পরিচালক, বিসিই কম্পিউটার, বীরগঞ্জ, দিনাজপুর এর চাহিদা ও প্রয়োজনীয় যোগ্যতা অনুযায়ী অত্র প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীদের নিয়োগের ব্যবস্থা করবে।

৯. যুগের চাহিদার সাথে সমন্বয় সাধনের জন্য ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঠাকুরগাঁও প্রয়োজন অনুযায়ী গেষ্ট লেকচারার নিযুক্ত করবেন। এক্ষেত্রে সরকারি অর্থ লেনদেনের যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে প্রশিক্ষকের সম্মানী প্রদান করা হবে।

১০. শিক্ষক ও শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির জন্য পরিচালক, বিসিই কম্পিউটার, বীরগঞ্জ, দিনাজপুর এবং ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঠাকুরগাঁও পারস্পরিক সহযোগীতা প্রদান করবে।

চুক্তি বাস্তবায়নের প্রক্রিয়া:

১. প্রশিক্ষণ সময়ের কমপক্ষে ১৫(পনের) দিন পূর্বে ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঠাকুরগাঁও থেকে আবেদন পত্রের মাধ্যমে প্রশিক্ষনার্থীদের সংখ্যা ও গাইড শিক্ষকের তালিকা পরিচালক, বিসিই কম্পিউটার, বীরগঞ্জ, দিনাজপুর কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে অনুমোদন গ্রহণ করতে হবে।

২. প্রশিক্ষণ চলাকালীন গাইড শিক্ষক একাধিকবার পরিচালক, বিসিই কম্পিউটার, বীরগঞ্জ, দিনাজপুর উপস্থিত হয়ে প্রশিক্ষণরত শিক্ষার্থীদের কর্মকান্ড সরজমিনে পর্যবেক্ষণ করতে পারবেন। তবে তা অবশ্য পরিচালক, বিসিই কম্পিউটার, বীরগঞ্জ, দিনাজপুর কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে।

৩. পরিচালক, বিসিই কম্পিউটার, বীরগঞ্জ, দিনাজপুর কর্তৃক প্রশিক্ষণ সংশ্লিষ্ট পরামর্শ গাইড/সংশ্লিষ্ট প্রশিক্ষকের মাধ্যমে ঠাকুরগাঁও টেকনিকাল স্কুল ও কলেজ, ঠাকুরগাঁও কর্তৃপক্ষকে অবহিত করবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ২৫ ৳ ২৫

পঁচিশ টাকা

খ ৭৭৪৬৯৫৬

৪. এছাড়া ঠাকুরগাঁও এবং ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ মহোদয়ের অনুমোদনক্রমে অত্র প্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং শিক্ষক,কর্মকর্তারা পরিচালক, বিসিই কম্পিউটার, বীরগঞ্জ, দিনাজপুর এর কর্মচারী এবং কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের যে কোন কাজে অংশগ্রহণ করতে পারবে।

৫. ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঠাকুরগাঁও এবং পরিচালক, বিসিই কম্পিউটার, বীরগঞ্জ, দিনাজপুর উভয় প্রতিষ্ঠানের নিজস্ব নিয়ম-কানুনের ব্যত্যয়ঘটে অথবা রাষ্ট্রের প্রচলিত আইন-কানুনের পরিপন্থি কোন কাজ করা যাবে না।

৬. ১ম পক্ষ ও ২য় পক্ষের এই পারস্পরিক সমঝোতা চুক্তি ০৩(তিন) মাসের অগ্রিম নোটিশের মাধ্যমে উভয় পক্ষ বাতিল করতে পারবেন এক্ষেত্রে ১ম ও ২য় পক্ষের কোনরূপ আপত্তি থাকবে না।

উভয় পক্ষের সম্মতিক্রমে অদ্য ২৫/০৯/২০২১ খ্রিঃ তারিখ থেকে ২৪/০৯/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত চুক্তির মেয়াদ নির্ধারন করতে একমত হলাম। মেয়াদকালিন সময়ে চুক্তির কোন পরিবর্তন বা পরিমার্জন অথবা মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে উভয় পক্ষ সম্মিলিতভাবে সিদ্ধান্ত গ্রহণে বাধ্য থাকিব।

১ম পক্ষ

(প্রকৌশলী মোঃ বজলুর রহমান)
অধ্যক্ষ(অতিরিক্ত দায়িত্ব)
ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ
ঠাকুরগাঁও

সাক্ষী: ১

(প্রকৌশলী অজয় কুমার সিংহ)
ইন্সট্রাক্টর(ফার্ম মেশিনারি)
ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ
ঠাকুরগাঁও

সাক্ষী: ২

(মোঃ দবিরুল ইসলাম)
জুনিয়র ইন্সট্রাক্টর(কম্পিউটার)
ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ
ঠাকুরগাঁও

২য় পক্ষ

(মোঃ মাহাবুর রহমান)
পরিচালক
বিসিই কম্পিউটার
বীরগঞ্জ,দিনাজপুর

সাক্ষী: ১

(যুদ্ধধন রায়)
প্রশিক্ষক
বিসিই কম্পিউটার
বীরগঞ্জ,দিনাজপুর

সাক্ষী: ২

(মোঃ বাহাদুল ইসলাম)
প্রশিক্ষক
বিসিই কম্পিউটার
বীরগঞ্জ,দিনাজপুর